
# ডেঙ্গু নিয়ন্ত্রণে সবাইকে এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি::সংগৃহীত

ডেঙ্গু নিয়ন্ত্রণ ও পরিচ্ছন্নতা বজায় রাখতে দেশের মানুষকে একসঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান উদ্বোধন করে তিনি এ আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, দেশের পরিবর্তন আনতে সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। সবাই মিলে কাজ করলে কোনো বাধাই দেশের অগ্রযাত্রা থামিয়ে রাখতে পারবে না।

তিনি জানান, আগামী তিন মাস ডেঙ্গু নিয়ন্ত্রণে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করা হবে। শতভাগ নির্মূল সম্ভব না হলেও কার্যকর পদক্ষেপের মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা থাকবে।

তারেক রহমান বলেন, প্রত্যেকে যদি সপ্তাহে অন্তত এক ঘণ্টা পরিচ্ছন্নতার কাজে দেন, তাহলে পরিস্থিতিতে পরিবর্তন আনা সম্ভব। একই সঙ্গে যেখানে-সেখানে ময়লা না ফেলার জন্য সবার প্রতি আহ্বান জানান তিনি।

LENS ASIA

প্রধানমন্ত্রী বলেন, পরিচ্ছন্ন দেশ গড়তে প্রত্যেক নাগরিকের দায়িত্ব রয়েছে। ২০২৪ সালের ৫ আগস্ট দেশের মানুষ পরিবর্তনের সম্ভাবনা দেখিয়েছে উল্লেখ করে তিনি বলেন, এবার রাষ্ট্রকে পরিবর্তনের দিকে এগিয়ে নিতে হবে।

অনুষ্ঠানে যোগ দেওয়ার আগে বিভিন্ন স্টল ঘুরে দেখেন প্রধানমন্ত্রী এবং উপস্থিত সাধারণ মানুষের সঙ্গে করমর্দন করেন।

আগামী ১২ সেপ্টেম্বর থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত তিন মাসব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান চলবে।